গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**হিসাব মহানিয়ন্ত্রক এর কার্যালয়**
হিসাব ভবন
সেগুনবাগিচা, ঢাকা-১০০০ ।
www.cga.gov.bd

নং- ০৭.০৩.০০০০.০০১.০৩.২৭১(পার্ট-১).২১- ৯৬৮৯ তারিখ ঃ ০৭ /০৭/২০২১ খ্রি. ।

অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ এর পত্র নং-০৭.০০.০০০০. ০৮৩.৯৯.০০৮.২১-৩৭৫ তারিখঃ ০৬/০৭/২০২১ খ্রি. এর মাধ্যমে করোনা ভাইরাসের প্রাদুর্ভাবের কারণে উদ্ভূত পরিস্থিতিতে জরুরি/অত্যাবশ্যকীয় কার্যক্রম পরিচালনা সংক্রান্ত পত্রটি নিম্নবর্ণিত কার্যালয়সমূহে আদিষ্ট হয়ে পৃষ্ঠাঙ্কন করা হলো ।

১। সিজিএ মূল কার্যালয়ের কর্মকর্তা (সকল)।
২। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার (সকল)।
৩। ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস (সকল)।
৪। জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার (সকল) ।
৫। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল) ।
৬। পিএস টু সিজিএ ।
৭। অফিস কপি ।

07/07/21

(এস.এম. নিয়ামুল পারভেজ)
উপহিসাব মহানিয়ন্ত্রক (প্রশাসন-১)
ফোনঃ ৮৩৯২৬১৪ ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
প্রশাসন-৩ অধিশাখা
www.mof.gov.bd

নং- ০৭.০০.০০০০.০৮৩.৯৯.০০৮.২১-৩৭৫ তারিখঃ ০৬ জুলাই ২০২১

বিষয়ঃ **করোনা ভাইরাসের প্রাদুর্ভাবের কারণে উদ্ভূত পরিস্থিতিতে জরুরি/অত্যাবশ্যকীয় কার্যক্রম পরিচালনা।**

সূত্রঃ (১) ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০১.২১.২০৩, তারিখ: ৩০/০৬/২০২১
(২) ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০১.২১.২১৩, তারিখ: ০৫/০৭/২০২১

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকদ্বয়ের অনুবৃত্তিক্রমে জাতীয় বাজেট ও সরকারি হিসাবের জরুরি কর্ম সম্পাদন, সরকারি কর্মকর্তা-কর্মচারীদের বেতন-ভাতা, অবসরভোগীদের পেনশন ও করোনা দূর্গতসহ সামাজিক নিরাপত্তা বেষ্টনির উপকারভোগীদের অনুদান Electronic Fund Transfer পদ্ধতিতে প্রেরণ, রাজস্ব আদায় সম্পর্কিত কার্যাবলি প্রভৃতি কার্যক্রম চলমান রাখার স্বার্থে প্রয়োজনীয় নূন্যতম জনবলের উপস্থিতি নিশ্চিতসহ সীমিত আকারে অফিস খোলা রাখার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৬/০৭/২০২১
(সুরাইয়া জাহান)
উপসচিব
ফোনঃ ৯৫৭৬০৪২

হিসাব মহানিয়ন্ত্রক
হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়
সেগুনবাগিচা, ঢাকা

অনুলিপিঃ
কর্মসূচি পরিচালক, এসপিএফএমএস, অর্থ বিভাগ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**হিসাব মহানিয়ন্ত্রক এর কার্যালয়**
হিসাব ভবন
সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
www.cga.gov.bd

নং- ০৭.০৩.০০০০.০০১.০৩.২৭১(পার্ট-১).২১- ৪৬৬৮ তারিখ ঃ ৩০ /০৬/২০২১ খ্রি.।

অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ এর পত্র নং-০৭.১০১.০০৬.০০.০০.০৩০.২০০৮-৬০৭ তারিখঃ ৩০/০৬/২০২১ খ্রি. এর মাধ্যমে করোনা ভাইরাসের প্রাদুর্ভাবের কারণে উদ্ভূত পরিস্থিতিতে জরুরি/অত্যাবশ্যকীয় কার্যক্রম পরিচালনা সংক্রান্ত পত্রটি নিম্নবর্ণিত কার্যালয়সমূহে আদিষ্ট হয়ে পৃষ্ঠাঙ্কন করা হলো।

১। সিজিএ মূল কার্যালয়ের কর্মকর্তা (সকল)।
২। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার (সকল)।
৩। ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস (সকল)।
৪। জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার (সকল)।
৫। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল)।
৬। পিএস টু সিজিএ।
৭। অফিস কপি।

৩০/০৬/২০২১

(খাইরুল বাশার মোহাম্মদ আশফাকুর রহমান)
উপহিসাব মহানিয়ন্ত্রক (প্রশাসন-১)
ফোনঃ ৮৩৯২৬১৪।

**অতি জরুরি**
**বাজেট অগ্রাধিকার**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
প্রশাসন ও সমন্বয় অনুবিভাগ
www.mof.gov.bd

নং-০৭.১০১.০০৬.০০.০০.০৩০.২০০৮-৬০৭

তারিখঃ ১৬ আষাঢ় ১৪২৮ / ৩০ জুন ২০২১

বিষয়ঃ **করোনা ভাইরাসের প্রাদুর্ভাবের কারণে উদ্ভূত পরিস্থিতিতে জরুরি/অত্যাবশ্যকীয় কার্যক্রম পরিচালনা।**

সূত্রঃ ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০১.২১.২০৩, তারিখ: ৩০/০৬/২০২১

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের অনুবৃত্তিক্রমে জাতীয় বাজেট ও সরকারি হিসাবের জরুরি কর্ম সম্পাদন, সরকারি কর্মকর্তা-কর্মচারীদের বেতন-ভাতা, অবসরভোগীদের পেনশন ও করোনা দুর্গতসহ সামাজিক নিরাপত্তা বেষ্টনির উপকারভোগীদের অনুদান Electronic Fund Transfer পদ্ধতিতে প্রেরণ, রাজস্ব আদায় সম্পর্কিত কার্যাবলি প্রভৃতি কার্যক্রম চলমান রাখার স্বার্থে প্রয়োজনীয় নূন্যতম জনবলের উপস্থিতি নিশ্চিতসহ সীমিত আকারে অফিস খোলা রাখার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৩০.৬.২০২১

(মোহাম্মদ আনিসুজ্জামান)
উপসচিব
ফোনঃ ৯৫১৪১৪৬
ইমেইলঃ anisuzzamank@finance.gov.bd

হিসাব মহানিয়ন্ত্রক
হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়
সেগুনবাগিচা, ঢাকা।

অনুলিপিঃ
কর্মসূচি পরিচালক, এসপিএফএমএস, অর্থ বিভাগ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
মাঠ প্রশাসন সমন্বয় অধিশাখা
www.cabinet.gov.bd

নম্বর: ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০১.২১.২০৩

তারিখ: ১৬ আষাঢ় ১৪২৮ / ৩০ জুন ২০২১

বিষয়: **করোনাভাইরাসজনিত রোগ (কোভিড-১৯)-এর বিস্তার রোধকল্পে সার্বিক কার্যাবলি/চলাচলে বিধি-নিষেধ আরোপ।**

করোনাভাইরাসজনিত রোগ (কোভিড-১৯) সংক্রমণের বর্তমান পরিস্থিতি বিবেচনায় নিম্নোক্ত শর্তাবলী সংযুক্ত করে **০১ জুলাই ২০২১ তারিখ সকাল ০৬.০০ ঘটিকা হতে ০৭ জুলাই ২০২১ তারিখ মধ্যরাত পর্যন্ত** নিম্নোক্ত বিধি-নিষেধ আরোপ করা হলো:

১.১ সকল সরকারি, আধাসরকারি, স্বায়ত্তশাসিত ও বেসরকারি অফিসসমূহ বন্ধ থাকবে;

১.২ সড়ক, রেল ও নৌ-পথে গণপরিবহন (অভ্যন্তরীণ বিমানসহ) ও সকল প্রকার যন্ত্রচালিত যানবাহন চলাচল বন্ধ থাকবে;

১.৩ শপিংমল/মার্কেটসহ সকল দোকানপাট বন্ধ থাকবে;

১.৪ সকল পর্যটন কেন্দ্র, রিসোর্ট, কমিউনিটি সেন্টার ও বিনোদন কেন্দ্র বন্ধ থাকবে;

১.৫ জনসমাবেশ হয় এ ধরণের সামাজিক (বিবাহোত্তর অনুষ্ঠান (ওয়ালিমা), জন্মদিন, পিকনিক, পার্টি ইত্যাদি), রাজনৈতিক ও ধর্মীয় আচার-অনুষ্ঠান বন্ধ থাকবে;

১.৬ বাংলাদেশ সুপ্রীম কোর্ট আদালতসমূহের বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা জারি করবে;

১.৭ ব্যাংকিং সেবা নিশ্চিত করার লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক প্রয়োজনীয় নির্দেশনা জারি করবে;

১.৮ আইনশৃঙ্খলা এবং জরুরি পরিসেবা, যেমন-কৃষি পণ্য ও উপকরণ (সার, বীজ, কীটনাশক, কৃষি যন্ত্রপাতি ইত্যাদি), খাদ্যশস্য ও খাদ্যদ্রব্য পরিবহণ, ত্রাণ বিতরণ, স্বাস্থ্য সেবা, কোভিড-১৯ টিকা প্রদান, রাজস্ব আদায় সম্পর্কিত কার্যাবলি, বিদ্যুৎ, পানি, গ্যাস/জ্বালানি, ফায়ার সার্ভিস, টেলিফোন ও ইন্টারনেট (সরকারি-বেসরকারি), গণমাধ্যম (প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়া), বেসরকারি নিরাপত্তা ব্যবস্থা, ডাক সেবা, ব্যাংক, ফার্মেসি ও ফার্মাসিটিক্যালসসহ অন্যান্য জরুরি/অত্যাবশ্যকীয় পণ্য ও সেবার সঙ্গে সংশ্লিষ্ট অফিসসমূহের কর্মচারী ও যানবাহন প্রাতিষ্ঠানিক পরিচয়পত্র প্রদর্শন সাপেক্ষে যাতায়াত করতে পারবে;

১.৯ পণ্য পরিবহনে নিয়োজিত ট্রাক/লরি/কাভার্ড ভ্যান/কার্গো ভেসেল এ নিষেধাজ্ঞার আওতা বহির্ভূত থাকবে;

১.১০ বন্দরসমূহ (বিমান, সমুদ্র, নৌ ও স্থল) এবং তৎসংশ্লিষ্ট অফিসসমূহ এ নিষেধাজ্ঞার আওতা বহির্ভূত থাকবে;

১.১১ শিল্প-কারখানাসমূহ স্বাস্থ্য বিধি অনুসরণপূর্বক নিজস্ব ব্যবস্থাপনায় চালু থাকবে;

১.১২ কাঁচাবাজার এবং নিত্যপ্রয়োজনীয় দ্রব্যাদি সকাল ৯:০০টা থেকে বিকাল ৫:০০টা পর্যন্ত উন্মুক্ত স্থানে স্বাস্থ্যবিধি মেনে ক্রয়-বিক্রয় করা যাবে। সংশ্লিষ্ট বাণিজ্য সংগঠন/বাজার কর্তৃপক্ষ/স্থানীয় প্রশাসন বিষয়টি নিশ্চিত করবে;

১.১৩ অতি জরুরি প্রয়োজন ব্যতীত (ঔষধ ও নিত্য প্রয়োজনীয় দ্রব্যাদি ক্রয়, চিকিৎসা সেবা, মৃতদেহ দাফন/সৎকার ইত্যাদি) কোনোভাবেই বাড়ির বাইরে বের হওয়া যাবে না। নির্দেশনা অমান্যকারীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে;

১.১৪ টিকা কার্ড প্রদর্শন সাপেক্ষে টিকা গ্রহণের জন্য যাতায়াত করা যাবে;

১.১৫ খাবারের দোকান, হোটেল-রেস্তোরাঁ সকাল ০৮.০০টা থেকে রাত ০৮.০০টা পর্যন্ত খাবার বিক্রয় **(Online/Take away)** করতে পারবে;

১.১৬ আন্তর্জাতিক ফ্লাইট চালু থাকবে এবং বিদেশগামী যাত্রীরা তাদের আন্তর্জাতিক ভ্রমণের টিকেট প্রদর্শন করে গাড়ি ব্যবহারপূর্বক যাতায়াত করতে পারবে;

১.১৭ স্বাস্থ্যবিধি অনুসরণ করে মসজিদে নামাজের বিষয়ে ধর্ম বিষয়ক মন্ত্রণালয় নির্দেশনা প্রদান করবে;

১.১৮ 'আর্মি ইন এইড টু সিভিল পাওয়ার' বিধানের আওতায় মাঠ পর্যায়ে কার্যকর টহল নিশ্চিত করার জন্য সশস্ত্র বাহিনী বিভাগ প্রয়োজনীয় সংখ্যক সেনা মোতায়েন করবে। জেলা ম্যাজিস্ট্রেট স্থানীয় সেনা কমান্ডারের সাথে যোগাযোগ করে বিষয়টি নিশ্চিত করবেন;

১.১৯ জেলা ম্যাজিস্ট্রেট জেলা পর্যায়ে সংশ্লিষ্ট কর্মকর্তাদের নিয়ে সমন্বয় সভা করে সেনাবাহিনী, বিজিবি, পুলিশ, র‍্যাব ও আনসার নিয়োগ ও টহলের অধিক্ষেত্র, পদ্ধতি ও সময় নির্ধারণ করবেন। সে সঙ্গে স্থানীয়ভাবে বিশেষ কোনো কার্যক্রমের প্রয়োজন হলে সে বিষয়ে পদক্ষেপ নিবেন। সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগসমূহ এ বিষয়ে মাঠ পর্যায়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবে;

১.২০ জনপ্রশাসন মন্ত্রণালয় মাঠ পর্যায়ে প্রয়োজনীয় সংখ্যক নির্বাহী ম্যাজিস্ট্রেট নিয়োগের বিষয়টি নিশ্চিত করবে; এবং

১.২১ স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক তাঁর পক্ষে জেলা প্রশাসন ও পুলিশ বাহিনীকে আইনানুগ ব্যবস্থা গ্রহণের প্রয়োজনীয় ক্ষমতা প্রদান করবেন।

০২। এমতাবস্থায়, উল্লিখিত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৩০.০৬.২০২১

(মোঃ রেজাউল ইসলাম)
উপসচিব
ফোন: ২২৩৩৮১১০৭
ই-মেইল: faco_sec@cabinet.gov.bd

১। সচিব (সকল)/প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ
২। বিভাগীয় কমিশনার (সকল)

**অনুলিপি: সদয় অবগতি ও কার্যার্থে:**

১। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
২। পুলিশ মহাপরিদর্শক, পুলিশ অধিদপ্তর, ঢাকা।
৩। মহাপরিচালক, বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি)
৪। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৫। প্রধান তথ্য কর্মকর্তা, তথ্য অধিদফতর—নির্দেশনাটি ব্যাপক প্রচারের অনুরোধসহ।
৬। জেলা প্রশাসক (সকল)।
৭। মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।
৮। উপজেলা নির্বাহী অফিসার (সকল)।